ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং-৩৪৬/৩৫(২০২৩-২০২৪)/ইবাসা তারিখ ঃ ০৬.০৪.২০২৩ইং

এমফিল/পিএইচ ডি কোর্সে সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি
শিক্ষাবর্ষঃ ২০২৩-২০২৪

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস (আইবিএসসি), রাজশাহী বিশ্ববিদ্যালয়-এ দুই বছর মেয়াদী এমফিল ও তিন বছর মেয়াদী পিএইচ ডি কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। জীব বিজ্ঞান, কৃষি, চিকিৎসা এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এই প্রোগ্রামে আবেদন করতে পারবেন। ভর্তিপ্রাপ্ত গবেষকগণ সিন্ডিকেট কর্তৃক নির্ধারিত এমফিল ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং পিএইচ ডি ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা মাসিক ফেলোশীপ পাবেন। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ভর্তির শেষ তারিখ থেকে ১(এক) মাসের মধ্যে আই.সি.টি. সেন্টার, রা.বি-এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। যারা রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যাতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হয়েছেন তাদেরকেও মাইগ্রেশন (Migration) সার্টিফিকেট জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

চাকুরীরত প্রার্থীকে এমফিল কোর্সে গবেষণার জন্য ১(এক) বছর এবং পিএইচডি'র জন্য ২(দুই) বছরের ছুটি পাবেন এই মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

**ক. এম ফিল কোর্সে ভর্তির যোগ্যতা: জীব বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান, সংশ্লিষ্ট বিষয় সমূহ এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে।**

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে নূন্যতম প্রথম বিভাগ অন্যটিতে নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ নূন্যতম জিপিএ ৪.০০ থাকতে হবে।

২. বিজ্ঞান/জীব বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত বিভাগসমূহ/শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান থেকে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিএস-সি (অনার্স)/বিএস-সি এজি (অনার্স)/সমমান এবং এম.এস-সি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় নূন্যতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় নূন্যতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে নূন্যতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে নূন্যতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে নূন্যতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

অথবা

৩. যে সকল প্রার্থী উপরের বর্ণিত উপধারা ১ ও ২-এর জন্য শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ করেন না, তাঁরা এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের ডিগ্রী পর্যায়ে (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারী কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা (খ) অনার্স পর্যায়ে বেসরকারী ডিগ্রী কলেজে অনার্স শ্রেণীতে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে নূন্যতম ২(দুই) টি গবেষণা নিবন্ধ প্রকাশিত থাকে।

৪. শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.২৫-এর কম থাকলে এমফিল প্রোগ্রামে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এমফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

**খ. পিএইচ ডি কোর্সে ভর্তির যোগ্যতা ঃ জীব বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান এবং সংশ্লিষ্ট বিষয় সমূহ**

১. প্রার্থীর এমফিল বিধির উপধারা (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এমফিল/সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে এম ফিল ডিগ্রীপ্রাপ্তগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

২. প্রার্থীর যদি এমফিল বিধির ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমিক অব সায়েন্সেস ফেলোশীপ অর্জন করে থাকেন, তাহলে তাঁরা পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন জমা দিতে পারবেন।

অথবা

৩. এমফিল বিধির উপধারা (১) ও (২)-এর শিক্ষাগত যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রী কলেজে অনার্স শ্রেণীতে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে নূন্যতম ৩ (তিনটি) গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। তবে, শিক্ষাজীবনে কোন পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.২৫-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

এম.ফিল/পিএইচ.ডি প্রোগ্রামে খন্ডকালীন গবেষণা (Part-Time Research):

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে একজন আবেদনকারী এম.ফিল/পিএইচ.ডি প্রোগ্রামে খন্ডকালীন গবেষক (Part-Time Research) হিসেবে ভর্তি হতে পারবে। খন্ডকালীন গবেষকের গবেষনাকালীন আবশ্যিক ছুটি নেয়ার বাধ্যবাধকতা থাকবে না । তবে এম.ফিল/পিএইচ.ডি প্রোগ্রামে কোর্সওয়ার্কের ৫০% স্ব-শরীরে উপস্থিত থেকে ও ৫০% অন-লাইনে এবং পরীক্ষায় স্ব-শরীরে উপস্থিত থেকে ব্লেন্ডেড পদ্ধতিতে সম্পন্ন করতে হবে। এম.ফিল প্রোগ্রাম ন্যূনতম ৩ (তিন) বছর থেকে সর্বোচ্চ ৬ (ছয়) বছরের মধ্যে এবং পিএইচ.ডি প্রোগ্রাম ন্যূনতম ৫ (পাঁচ) বছর থেকে সর্বোচ্চ ৮ (আট) বছরের মধ্য অবশ্যই সম্পন্ন করতে হবে। তবে এম.ফিল/পিএইচ.ডি এর অন্যান্য বিধি খন্ডকালীন গবেষকদের জন্য প্রযোজ্য হবে। খন্ডকালীন গবেষককে আইবিএসসি থেকে কোন ধরনের স্কলারশীপ/আর্থিক অনুদান/নিয়মিত গবেষকের সুবিধাদি প্রদান করা হবে না। যে সব খন্ডকালীন এম.ফিল গবেষক তাদের এম.ফিল গবেষণা বিধি মোতাবেক পিএইচ.ডি প্রোগ্রামে স্থানান্তরিত করতে ইচ্ছুক তাদের নিয়মিত গবেষকদের জন্য প্রযোজ্য ২ (দুই) বছরের পরিবর্তে ৩ (তিন) বছরের মধ্যে স্থানান্তরের জন্য আবেদন করতে হবে।

www.ru.ac.bd এবং www.ru.ac.bd/ibsc থেকে আবেদনপত্র ডাউন লোড করা যাবে অথবা অফিস (কক্ষ নং-৪৪৩) কক্ষে ফরম সংগ্রহ করা যাবে। পরিচালক, ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ১০০০/= (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/জমার রশিদ, **সঞ্চয়ী হিসাব নং-০২০০০০২২৬৪১১১** অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় জমা পূর্বক প্রার্থীর সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের ফটোকপিসহ পূরণকৃত আবেদন পত্র **১৫মে, ২০২৩** তারিখের মধ্যে অফিসে জমা দিতে/পৌছাতে হবে। ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বা/-
**পরিচালক**
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং- ৩৪৬/৩৫(২০২৩-২০২৪)/ইবাসা — তারিখ ঃ ০৬.০৪.২০২৩ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. রেজিস্ট্রার, রাজশাহী/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/বাংলাদেশ কৃষি/প্রকৌশল/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/উন্মুক্ত/হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ যশোর বিজ্ঞান প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু কৃষি/কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি/ জাতীয় বিশ্ববিদ্যালয়/গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২. সচিব ...................................... মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩. ডীন / অধ্যক্ষ ............................................................
৪. পরিচালক/সভাপতি........................................................
৫. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক পর্যায়ের কলেজ সমূহ।
৬. অফিস নথি ........................................................

Jakhanam
**পরিচালক** 06.04.23
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়